



## রূপগঞ্জ নিষিদ্ধ ঘোষিত যুবলীগের পোস্টারিং কর্মসূচি



ছবি: ফেসবুক পোস্ট থেকে নেওয়া।

সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে রূপগঞ্জের কিছু এলাকায় নিষিদ্ধ ঘোষিত যুবলীগের উদ্যোগে বাটিকা পোস্টারিং কর্মসূচি পালনের খবর পাওয়া গেছে।

গতকাল শনিবার (১৬ মে) রূপগঞ্জ উপজেলার কয়েকটি অভ্যন্তরীণ সড়ক ও স্থানীয় বাজার সংলগ্ন পয়েন্টে এই পোস্টারগুলো দেখা যায়।

দলীয় সূত্রে দাবি করা হয়েছে, রূপগঞ্জ উপজেলা আওয়ামী যুবলীগের সহ-সভাপতি ইঞ্জিনিয়ার খালেদ হাসানের নেতৃত্বে এই পোস্টারিং কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর দলটির প্রকাশ্য রাজনৈতিক কার্যক্রমে এক ধরনের স্থবিরতা ও আইনি বিধিনিষেধ থাকলেও, দিবসটি উপলক্ষে নেতাকর্মীরা উপজেলার কিছু এলাকায় এই কার্যক্রম সম্পন্ন করেন।

স্থানীয়রা জানান, বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের শীর্ষ নেতারা যখন এলাকাছাড়া বা আত্মগোপনে রয়েছেন, তখন আকস্মিকভাবে এই পোস্টার লাগানো নেতাকর্মীদের উপস্থিতি জানান দেওয়ার একটি প্রচেষ্টা হতে পারে।

তবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, যেকোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি বা বিশৃঙ্খলা এড়াতে উপজেলার গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে পুলিশি নজরদারি জোরদার রয়েছে।